# আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি

রেজি: নং: ঢ-০৮৮২৮, ফোন: ৮০০১২২২
ঠিকানা: আই/৩/4, আরিফাবাদ হাউজিং সোসাইটি, রূপনগর। ঢাকা - ১২১৬।

## কার্যনির্বাহী পরিষদের ৭৮ ও ৭৯তম সভার কার্যবিবরণী

গত ২৩ মে ২০২৬ ইং, শনিবার বাদ মাগরিব 'আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতি'র কার্যনির্বাহী পরিষদের ৭৯তম সভা সমিতির কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় কার্যনির্বাহী পরিষদের ১৬ (ষোল) জন সম্মানিত সদস্য উপস্থিত ছিলেন। সভায় সভাপতিত্ব করেন সমিতির সভাপতি জনাব এম. এ. খালেক এবং সভা পরিচালনা করেন সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির।

সভার শুরুতে সভাপতি সাহেবের অনুরোধক্রমে, সমিতির অর্থ সম্পাদক জনাব এ. এস. এম. আক্তার হোসেন পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন। সমিতির সাধারণ সম্পাদক প্রকৌশলী জনাব মোঃ হুমায়ুন কবির ৭৭তম কার্যনির্বাহী পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করেন, যা সভায় উপস্থিত সদস্যদের সর্বসম্মতিতে গৃহীত হয়। যেহেতু সমিতির ৭৮তম সভাটি একটি বিশেষ প্রয়োজনে জরুরি ভিত্তিতে আহ্বান করা হয়েছিল এবং উক্ত সভায় ১৫ জন সদস্যসহ সম্মানিত উপদেষ্টাগণ উপস্থিত থেকে আলোচ্য বিষয়সমূহ সৌহার্দ্যপূর্ণ পরিবেশে তাৎক্ষণিকভাবে নিষ্পত্তি করেন ও সর্বসম্মত সিদ্ধান্তে উপনীত হন, সেহেতু ৭৮তম সভার পৃথক কার্যবিবরণী প্রকাশ না করে ৭৮তম ও ৭৯তম সভার কার্যবিবরণী একত্রে প্রকাশ করা হলো। অতঃপর সমসাময়িক বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) সভায় জানানো হয় যে সমিতির সর্বশেষ বার্ষিক সাধারণ সভা ২০২৩ সালের মে মাসে অনুষ্ঠিত হয়েছিল। সমিতির গঠনতন্ত্র অনুযায়ী প্রতি দুই বছর অন্তর একটি বার্ষিক সাধারণ সভা আয়োজনের বিধান থাকলেও, ২০২৪ সালের ৫ আগস্ট পরবর্তী রাজনৈতিক পরিস্থিতি এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে উদ্ভূত বিভিন্ন বাস্তব কারণে নির্ধারিত সময়ে সাধারণ সভা আয়োজন করা সম্ভব হয়নি। এ কারণে সমিতির কার্যনির্বাহী কমিটির পক্ষ থেকে আন্তরিক দুঃখ প্রকাশ করা হয়।

সভাপতি জনাব এম. এ. খালেক আরিফাবাদ আবাসিক মালিক কল্যাণ সমিতির পরবর্তী বার্ষিক সাধারণ সভা আগামী ১৩ জুলাই ২০২৬ তারিখে আয়োজনের প্রস্তাব উপস্থাপন করেন। উপস্থিত সকল সদস্য উক্ত প্রস্তাবের প্রতি সমর্থন জ্ঞাপন করেন এবং সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়।

২) আসন্ন বার্ষিক সাধারণ সভাকে সামনে রেখে আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সমিতির সকল আর্থিক হিসাব হালনাগাদ ও সম্পন্ন করার পাশাপাশি বার্ষিক নিরীক্ষা (অডিট) কার্যক্রম সম্পন্ন করে নিরীক্ষা প্রতিবেদন প্রস্তুতের জন্য অর্থ সম্পাদককে অনুরোধ করা হয়।

৩) কে-৫ ও ৬ নম্বর বাড়ির মাসিক চাঁদা এবং লিগ্যাল ফি বাবদ মোট ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা বকেয়া থাকার বিষয়টি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে সংশ্লিষ্ট বাড়ির মালিককে অতিসত্বর সকল বকেয়া পরিশোধ করার জন্য অনুরোধ করা হয়। পাশাপাশি, বকেয়া পরিশোধের অনুরোধ জানিয়ে উক্ত প্লট মালিককে একটি আনুষ্ঠানিক নোটিশ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও, সমিতির অন্যান্য যেসব সদস্যের চাঁদা ও অন্যান্য আর্থিক পাওনা বকেয়া রয়েছে, তাদেরকে আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সকল বকেয়া পরিশোধ করার জন্য সভা থেকে বিশেষভাবে অনুরোধ জানানো হয়, যাতে বার্ষিক সাধারণ সভার পূর্বে সমিতির আর্থিক হিসাব যথাযথভাবে সম্পন্ন করা যায়।

৪) সমিতির উপদেষ্টা জনাব হাফিজুর রহমান এবং দপ্তর সম্পাদক জনাব শামসুল আলম এ বছর পবিত্র হজ পালন উপলক্ষে সৌদি আরবে অবস্থান করছেন। সভায় উপস্থিত সকল সদস্য তাদের সুস্বাস্থ্য, নিরাপদ সফর এবং যথাযথভাবে হজের সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করার জন্য মহান আল্লাহ তাআলার নিকট দোয়া করেন। একই সঙ্গে আল্লাহ তাআলা যেন তাদের হজকে ‘হজে মাবরুর’ হিসেবে কবুল করেন, সে কামনাও করা হয়।

পরিশেষে, সমিতির সদস্য ই-১৫ নম্বর বাড়ির মালিক জনাব হাজী মোহাম্মদ সেলিম নিজ উদ্যোগে ও নিজ খরচে সভায় উপস্থিত সমিতির সকল সদস্যকে আপ্যায়ন করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ তাঁর এই আন্তরিকতা ও সৌজন্যের জন্য তাঁকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

আজকের সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায়, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং নিজ খরচে আপ্যায়নের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে

এম. এ. খালেক
সভাপতি

প্রকৌশলী মো: হুমায়ুন কবির
সাধারণ সম্পাদক